

যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত উপজেলা কমিটির কটিয়াদী উপজেলার কার্যবিবরণী :

অধিবেশন নং-৩৫

সভাপতি : জনাব রেজাউল করিম সিকদার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।

সভার তারিখ : ২০/১২/২০২১ খ্রিঃ, সময় : ১১ ঘটিকায়।


সভার স্থান : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।

সভায় সভাপতি মহোদয় সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য সচিব জনাব মোঃ আবদুল আজিজ আকন্দ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (অঃদাঃ), কটিয়াদী, কিশোরগঞ্জ আলোচ্য সূচি অনুযায়ী বিভাগীয় কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তর যুব সংগঠন নিবন্ধন করে থাকেন। নিবিড় ভাবে যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করে আত্মকর্মী ও স্বাবলম্বী করাই যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কাজ। প্রশিক্ষণ গ্রহণের পর বেকার যুব ও যুব মহিলারা প্রকল্প গ্রহণ করিলে তাদের মূলধন গঠনের জন্য যুব ঋণ বিতরণ করা হয়। অত্র কার্যালয়ে মোট যুব ঋণ বিতরণের পরিমাণ ৩,০১,৬২,০০০/- এবং মোট যুব ঋণ গ্রহণকারীর সংখ্যা ১৩৮৮ জন। মোট ঋণ আদায়ের পরিমাণ ২,৪০,৬৫,৮৬১/- টাকা। আদায়ের হার ৮১.৩০%। ২০২১-২০২২ অর্থ বছরে মোট ৩০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট ৮৭৭৬ জনকে বিভিন্ন ট্রেডে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এদের মধ্য থেকে প্রকল্প গ্রহণকারীদেরকে যুব ঋণ প্রদান করে স্বাবলম্বী করার উদ্যোগ নেওয়া হয়ে থাকে। যুব উন্নয়ন অধিদপ্তর উপজেলা পর্যায়ে ৭ দিন মেয়াদী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেয়া হয়ে থাকে। প্রশিক্ষণ বিষয় সমূহের মধ্যে হাঁস-মুরগি পালন, গাভী পালন, ব্রক বাটিক, নকশি কাঁথা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।

- ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সরকারী অফিসের নিরাপত্তার সাথে জরুরী ভিত্তিতে দরজা, জানালাগুলো মেরামত সহ কিছু চেয়ার টেবিল সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

 ২৭/১২/২১

(রেজাউল করিম সিকদার)

ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ

ও

সভাপতি


যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি  
কটিয়াদী, কিশোরগঞ্জ।

স্বাক্ষর নং

তারিখ :

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ০৩। জনাব .....
- ০৪। অফিস নথির কপি।

 ২৭/১২/২১

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত)





ও

সদস্য সচিব

যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি  
কটিয়াদী, কিশোরগঞ্জ

যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত কমিটির সভার হাজিরা :

তারিখ : ২০/০৭/২০

ক্রঃ নং	নাম	পদবী/ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
১.	জনাব রেজাউল করিম শিকদার	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	সভাপতি	
২.	জনাব রোকসানা	মহিলা ভাইস চেয়ারম্যান, উপঃ পরিঃ	সদস্য	
৩.	জনাব মোঃ নাদিম মোল্লা	চেয়ারম্যান, করগাঁও ইউপি	সদস্য	
৪.	জনাব রফিকুল আলম	চেয়ারম্যান, জালালপুর ইউপি	সদস্য	
৫.	জনাব মোঃ আব্দুল আজিজ আকন্দ স্বাক্ষর: আব্দুল আজিজ আকন্দ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কটিয়াদী	সদস্য সচিব	